

ডাকসু ভিপিএসহ কয়েকজনের বিরুদ্ধে ব্যবস্থার দাবি ছাত্রদের, আন্দোলনের হুঁশিয়ারি

নিজস্ব প্রতিবেদক



ছবি : কালের কণ্ঠ

গুজব ও বিভ্রান্তিকর তথ্য প্রচারের অভিযোগ তুলে ডাকসুর সহসভাপতি (ভিপি) মো. আবু সাদিকসহ কয়েকজনের বিরুদ্ধে ৪৮ ঘণ্টার মধ্যে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখা বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। নির্ধারিত সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহণ না করা হলে কঠোর কর্মসূচি দেওয়া হবে বলেও সতর্ক করেছে সংগঠনটি।

৷ পড়ুন



সমন্বিত সন্ত্রাসী হামলায় মালির
প্রতিরক্ষামন্ত্রী নিহত

রবিবার (২৬ এপ্রিল) দুপুর ২টার দিকে
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম
ওবায়দুল ইসলামের কাছে স্মারকলিপি জমা
দেওয়ার পর উপাচার্যের কার্যালয়ের সামনে
সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

এ সময় ছাত্রদলের ঢাবি শাখার সভাপতি
গণেশচন্দ্র রায় সাহস বলেন, ‘আমরা প্রশাসনের
কাছে নিরপেক্ষ আচরণ প্রত্যাশা করি।

সরকারে যে-ই থাকুক না কেন, প্রশাসনের
ভূমিকা হওয়া উচিত সবার জন্য সমান।’

তিনি আরো বলেন, ‘রাজনৈতিক কার্যক্রম
চলেও শিক্ষার পরিবেশ যেন বিঘ্নিত না হয়, সে
বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন।’

পড়ুন



মাদরাসা শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে
নিপীড়নের অভিযোগ

সংবাদ সম্মেলনে সংগঠনটির সাধারণ সম্পাদক
নাহিদুজ্জামান শিপন অভিযোগ করেন,
শিবিরের গুপ্ত রাজনীতির কারণেই আজ ঢাবি
ক্যাম্পাস উত্তপ্ত। ৫ আগস্টের পর থেকে বিভিন্ন
ভূয়া আইডির মাধ্যমে ছাত্রদলের বিরুদ্ধে
ধারাবাহিক প্রোপাগান্ডা চালানো হচ্ছে, যা
সাধারণ শিক্ষার্থীরা প্রত্যাশা করে না।

ছাত্রদলের দেওয়া স্মারকলিপিতে উল্লেখ করা
হয়, ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকে
সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিকল্পিতভাবে
উস্কানিমূলক, অশালীন এবং ভিত্তিহীন গুজব
ছড়িয়ে ক্যাম্পাসে অস্থিরতা তৈরির চেষ্টা করা
হচ্ছে। এতে বিশেষ করে ছাত্রদলের নেতাকর্মী,
বিশেষত নারী নেত্রীদের লক্ষ্য করে অপপ্রচার
চালানো হচ্ছে বলে দাবি করা হয়।

স্মারকলিপিতে আরো বলা হয়, এসব কর্মকাণ্ডে
ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের শিক্ষার্থী
ফয়সাল উদ্দিন, ইসলামিক স্টাডিজ বিভাগের
শিক্ষার্থী ও বিজয় একাত্তর হল সংসদের ভিপি
হাসানুল বান্নাহ এবং ডাকসুর ভিপি মো. আবু
সাদিক জড়িত বলে অভিযোগ রয়েছে।

পড়ুন



জ্বালানি সংকট মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে,
এটা বিএনপির সৃষ্টি নয় : রিজভী

এছাড়া “DU Insider”, “ঢাবি কণ্ঠস্বর” (বর্তমানে Daily DUCSU) এবং “DU Observer” (বর্তমানে Voice of Gen Z) নামের কয়েকটি ফেসবুক গ্রুপ ও পেজ থেকে নিয়মিত অপতথ্য ছড়ানো হচ্ছে বলে অভিযোগ করা হয়, যা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে।

এই প্রেক্ষাপটে সংশ্লিষ্টদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি উল্লিখিত ফেসবুক গ্রুপ ও পেজগুলো স্থায়ীভাবে বন্ধের দাবি জানানো হয়। প্রয়োজনে রাষ্ট্রীয় সংস্থার সহায়তায় ব্যবস্থানেওয়ার কথাও স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে।